

## দিনাজপুরে স্কলার্স ইন্টারন্যাশনাল নামে ইংলিশ মিডিয়াম স্কুলের যাত্রা শুরু

জেলা বার্ডা পরিবেশক, দিনাজপুর

দিনাজপুরে 'স্কলার্স ইন্টারন্যাশনাল' নামে নতুন একটি ইংলিশ মিডিয়াম স্কুলের যাত্রা শুরু হয়েছে। কোন স্কুলের প্রতিপক্ষ বা ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি নয়, সম্পূর্ণ সেবার মনোভাব নিয়ে স্কুলটি পরিচালিত হবে বলে উদ্যোক্তারা তাদের প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন।

দিনাজপুর শহরের পাশুড়পুর এলাকায় একটি বহুতল ভবনে স্কুলটির কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। স্কুল পরিচালনা পরিষদের সদস্য ছাড়াও স্থানীয় গণমান্য ব্যক্তিদের উপস্থিতিতে প্রতিষ্ঠিত 'স্কলার্স ইন্টারন্যাশনাল' স্কুলটির নামফলক উন্মোচন ও মোনাঅর্পিত করা হয়। এরপর জাতীয় সঙ্গীতের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করেন স্কুল পরিচালনা পরিষদের সদস্য চিত্ত ঘোষ।

আলোচনা অনুষ্ঠানের শুরুতে স্কুলটি প্রতিষ্ঠার সঙ্গে জড়িতদের ছাড়াও শিক্ষক/শিক্ষিকাদের পরিচয় করিয়ে দেয়া হয়। অনুষ্ঠানে স্কুলটি প্রতিষ্ঠার উদ্দেশ্য ও লক্ষ্য তুলে ধরে আলোচনা করেন স্কুল পরিচালনা পরিষদের সদস্য বিশিষ্ট সমাজসেবী মো. দেলোয়ার হোসেন। শিক্ষা কার্যক্রম বিষয়ে আলোকপাত করেন স্কুলের অধ্যক্ষ জিয়াউল হক নিজার।

স্কুলের অধ্যক্ষ মো. জিয়াউল হক নিজার তার বক্তব্যে বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে ইংরেজি মাধ্যমে লেখাপড়ার গুরুত্ব অনেক বেশি। ইংলিশ মিডিয়াম স্কুল মানে দেশের শিক্ষা বোর্ডগুলোর পাঠ্যক্রমকে ইংরেজি ভাষায় অনুবাদ করে পাঠদান নয়।

পুরোপুরি ইংরেজি ভাষায় আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি পাঠ্যক্রমে লেখাপড়া করা। দিনাজপুরে ভাল বা মানসম্মত স্কুল কলেজের সংখ্যার কথা উল্লেখ করে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েটসহ দেশের বড় বড় শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় এমনকি দিনাজপুরের সঙ্গী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, সরকারি ভেটেরিনারি কলেজের মতো উন্নতযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দিনাজপুরের শিক্ষার্থীরা খুব কমই ভর্তি হতে পারে।

তিনি জানান, নতুন 'স্কলার্স ইন্টারন্যাশনাল' স্কুলটি ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশন বোর্ডের পাঠ্যক্রম অনুযায়ী ইংরেজি ভাষায় থেকে জুন শিক্ষাবর্ষে পরিচালিত হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় যাবতীয় প্রক্রিয়া ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। স্কুলটি শ্রেণিকোঠা নবম শ্রেণী পর্যন্ত মোট ৮০ জন শিক্ষার্থী এবং ২০ জন শিক্ষক/শিক্ষিকা নিয়ে যাত্রা শুরু করল বলে তিনি তার বক্তব্যে উল্লেখ করেন।

অনুষ্ঠানে স্কুল পরিচালনা পরিষদের সদস্য বিশিষ্ট ইউরোপ বিশেষজ্ঞ ডা. মমতাজ বেগম পলি, খেসড়াবের সাধারণ সম্পাদক গোলাম নবী দুলাল, চেম্বারের সিনিয়র সহ-সভাপতি মো. মোসাম্মেক হুসেন, সহ-সভাপতি মো. অনোয়ারুল ইসলাম, সঙ্গী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. বলরাম রায়, সাংবাদিক আসাদুল্লাহ সরকার, প্রকৌশলী মিনিক আলী রাস্তা, ব্যবসায়ী মো. জাহিদুল ইসলাম ছাড়াও শহরের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।